চুয়াডাঙ্গায় বাঁধনের বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

একের রক্ত অন্যের জীবন রক্তই হোক আত্মার বাঁধন এই প্রতিপাদ্য সেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের আয়োজনে এবং বাঁধন কর্মী মনিরুল ইসলামের কোরআন তেলোওয়াত এর মধ্যে দিয়ে বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজের এফএফ হলে বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের সভাপতি আজিজুর রহমানের সভাপতিত্বে বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের শিক্ষক উপদেষ্টা মোঃসফিকুল ইসলাম,মোঃমতিউর রহমান,মোঃদেলোয়ার হোসেন,মোঃহাফিজুর রহমান,মোঃমাসুদ পারভেজ,সুলতান মাহমুদ।

বাঁধন পুরো বাংলাদেশ ব্যাপী একটি শক্তিশালী সেচ্ছায় রক্তদাতাদের সংগঠন। বর্তমানে বাঁধনের কার্যক্রম ৫৪ টি জেলায় চলমান আছে।বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট ২০১৭ সাল থেকে তাদের কার্যক্রম শুরু করে। বর্তমানে বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট পদ্মা জোনাল পরিষদের অন্তভূক্ত।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে ছাত্র উপদেষ্টা মধ্যে উপস্থিত ছিলেন, সাজেদুর রহমান, ইব্রাহিম হোসেন, মামুন, এমদাদ, তৌফিক সহ বাঁধন কেন্দ্রীয় পরিষদের নির্বাহী সদস্য সজিবুল ইসলাম, বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের জোনাল প্রতিনিধি সুজাউদ্দীন টুটুল, সাধারণ সম্পাদক মামুন আর রশীদ, সহ-সভাপতি ও বার্ষিক ইফতার ও দোয়া মাহফিলের আহবায়ক শরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসান, রাসেল, সামিউল, মিকাইল,মনিরুল, হাসিবুল,সুমাইয়া,লামিয়া,নাসরিন, সাদিয়া,রাজিবুল ইসলাম,বন্ধন সহ বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ছাত্র-ছাত্রী ও বাঁধনের কর্মীবৃন্দ।